

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১২৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৮. ফাতওয়া প্রদানে অনীহা

بَابُ كَرَاهِيَةِ الْفُتْيَا

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ، عَنْ عَطَاءٍ، عَنْ سَعِيدٍ، عَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: " مَا رَأَيْتُ قَوْمًا كَانُوا خَيْرًا مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا سَأَلُوهُ إِلَّا عَنْ ثَلَاثِ عَشْرَةَ مَسْأَلَةً حَتَّى قُبِضَ، كُلُّهُمْ، فِي الْقُرْآنِ، مِنْهُمْ (يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ) [البقرة: 217]، وَ (وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ) [البقرة: 222] قَالَ: مَا كَانُوا يَسْأَلُونَ إِلَّا عَمَّا يَنْفَعُهُمْ

বাংলা

১২৭. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীগণ থেকে উত্তম কোন লোকদেরকে দেখিনি। তারা তাঁর মৃত্যুর আগ পর্যন্ত তাঁকে মাত্র তেরোটি প্রশ্ন করেছিলেন, আর সে সবগুলোই কুরআনে রয়েছে:

সেগুলোর মধ্যে রয়েছে:

(يسألونك عن الشهر الحرام)... (سورة البقرة: 217)

“তারা আপনাকে হারাম (সম্মানিত) মাসসমূহ সম্পর্কে জিজ্ঞাসা করছে...।” (সূরা বাক্বারাহ: ২১৭)

(ويسألونك عن المحيض)... (سورة البقرة: 222)

“তারা আপনাকে (স্ত্রী লোকদের) ঋতুস্রাব সম্পর্কে জিজ্ঞেস করছে...।” (সূরা বাক্বারাহ: ১২২)

তিনি (ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা) বলেন: তারা কখনো এমন বিষয়ে প্রশ্ন করতেন না, যাতে তাদের কল্যাণ হতো না বা উপকারে আসতো না।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যযীফ। মুহাম্মদ ইবনু ফাদল আত্বা ইবনু সাযিব থেকে শবণের ব্যাপারে পিছিয়ে রয়েছেন।

তাখরীজ: ইবন আব্দুল বাররা, জামি' বয়ানুল ইলম নং ১৮০৯, ২০৫৩; ইবনু বাত্বাহ, আল ইবানাহ ১/৩৯৮ নং ২৯৬।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69438>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন